



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক  
RESERVE BANK OF INDIA

[www.rbi.org.in](http://www.rbi.org.in)

আরবিআই/২০১১-১২/১৫২

ডিপিএসএস(সিও)ইপিপিডি নং/২৭৪/০৪.০৩.০১/২০১১-১২

আগস্ট ১২, ২০১১

আরটিজিএস / এনইএফটি-তে অংশ গ্রহনকারী সদস্য ব্যাঙ্কসমূহের  
সভাপতি এবং পরিচালন অধিকর্তা / মুখ্য নিব্বাহী আধিকারিকগণ

প্রিয় মহাশয়া/মহাশয়,

**এনইএফটি এবং আরটিজিএস-এর মধ্যে বাছাই করা সম্পূর্ণভাবে গ্রাহকের ইচ্ছাধীন**

আপনারা অবগত আছেন যে, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক সারা ভারতে পাইকারি এবং খুচরো অর্থপ্রদানের ক্ষেত্রে বিভিন্ন রকম গ্রাহকদের প্রয়োজনের কথা মাথায় রেখে দুইটি সর্বভারতীয় গুরুত্বপূর্ণ অর্থপ্রদান পদ্ধতি আরটিজিএস এবং এনইএফটি প্রবর্তন করেছে। উভয় পদ্ধতিতেই অর্থপ্রদানের সময় নির্দিষ্টতা, লেনদেনের মূল্যের সীমারেখা, নিষ্পত্তির ধরন ইত্যাদির সাপেক্ষে স্পষ্ট লক্ষ্য এবং স্বতন্ত্র বৈশিষ্ট্য আছে। এই মতো দুটি পদ্ধতিতে লেনদেনের ওপর ধার্য মাসুলও আলাদা। অতঃপর গ্রাহকদের চাহিদা অনুযায়ী উক্ত দুই পদ্ধতির মধ্যে পছন্দ প্রয়োগ করার অধিকার থাকা উচিত।

২. এই পরিস্থিতিতে, আমরা আবারও বলছি যে, সকল অংশগ্রহনকারী ব্যাঙ্ককে তহবিল হস্তান্তরের সময়, মূল গ্রাহককে উক্ত দুই পদ্ধতির মধ্যে বাছাই করার অধিকার দিতে হবে। এই বাছাই করার অধিকার সব গ্রাহকের কাছে থাকা উচিত যারা শাখায় অথবা ইনটারনেটের মাধ্যমে অথবা অন্য কোনও পদ্ধতিতে অর্থ প্রেরণ করছেন। তহবিল গ্রাহকের পছন্দের পদ্ধতি অনুযায়ী হস্তান্তরিত হওয়া দরকার।

৩. অনুগ্রহ করে পালিত হচ্ছে কিনা সুনিশ্চিত করুন।

আপনার বিশ্বস্ত,

(জি.শ্রীনিবাস)

মহা প্রবন্ধক